

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
(পার-৪ অধিশাখা)  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

তারিখ: ২৩.১১.২০১৭ খ্রি:

নং-৪৫.০০.০০০০.১৪৫.১৫.০১৪.১৫-৬৬৭

বিষয়: সিলেট এমএ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল (২) ২০০ শয্যাবিশিষ্ট ডা: শামসুদ্দিন আহমেদ শিশু হাসপাতাল (৩) ময়মনসিংহ বিভাগের পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয়ে পদ সৃজনের বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভার তারিখ : ১৯.১১.২০১৭ খ্রি:  
সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা।  
সভার স্থান : কক্ষ নং-৩২৩, ভবন নং-৩, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।  
সভাপতি : শেখ রফিকুল ইসলাম  
অতিরিক্ত সচিব (প্রশাসন),  
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-‘ক’ সংযুক্ত।

আলোচনা: সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমোদনক্রমে রোকেয়া বেগম, উপ-সচিব (পার-৪) অধিশাখা অদ্যকার সভার আলোচ্য বিষয় অনুসারে ০৩(তিন)টি প্রতিষ্ঠানের পদ সৃজনের বিষয়ে আলোকপাত করেন। সিলেট এমএ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল (২) ২০০ শয্যাবিশিষ্ট ডা: শামসুদ্দিন আহমেদ শিশু হাসপাতাল (৩) ময়মনসিংহ বিভাগের পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয়ে পদ সৃজন।

১। সিলেট এমএ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল রাজস্বখাতে পদ সৃজন:

স্বাস্থ্য অধিদপ্তর হতে গত ১৫.০৩.২০১৫ তারিখে সিলেট এম.এ.জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে ৯৫৭টি পদ সৃজনের প্রস্তাব প্রেরণ করে। পদ সৃজনের প্রস্তাব বিবেচনার নিমিত্ত গত ০৭.০৪.২০১৫ তারিখে এ বিভাগের যুগ্মসচিব (পার) এর সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ৯৫৭টি পদের পরিবর্তে ৭৫৬টি পদ সৃজনের সিদ্ধান্ত গৃহীত হয়। সে অনুসারে মাননীয় মন্ত্রীর অনুমোদনক্রমে গত ১৪.০৫.২০১৫ তারিখে ৭৫৬টি পদ সৃজনে সম্মতির জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়। পরবর্তীতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের তথ্যাদি ০৭.০৩.২০১৬, ২১.০৮.২০১৬ এবং ৬.৬.২০১৭ তারিখে উক্ত মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। সর্বশেষ জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ১২.০৭.২০১৭ তারিখে কতিপয় তথ্য প্রেরণের জন্য অনুরোধ করা হয়। উক্ত পত্রে চাহিত তথ্যাদির বিষয়ে সুস্পষ্ট মতামত প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছে। উল্লেখ্য: পরিচালক, এম.এ.জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল হতে চাহিত তথ্যাদির বিষয়ে একটি প্রতিবেদন প্রেরণ করেছেন। হাসপাতালে বিদ্যমান পদের সংখ্যা ১২২৪ বলা হলেও বিষয়ে তথ্যের গড়মিল পরিলক্ষিত হয়।

আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজের বিদ্যমান পদের সাথে সামঞ্জস্য রেখে Need Assessment করে সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালের জন্য নতুন করে স্বাস্থ্য অধিদপ্তরের মাধ্যমে প্রস্তাব প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: পরিচালক, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল।

**২। ২০০ শয্যা বিশিষ্ট শহীদ ডা: শামসুদ্দিন আহমেদ শিশু হাসপাতাল, সিলেটে রাজস্বখাতে পদ সৃজন:**

শহীদ ডা: শামসুদ্দিন আহমেদ জেলা হাসপাতাল, সিলেটকে রিমডেলিং করে ২০০ শয্যা বিশিষ্ট শহীদ ডা: শামসুদ্দিন আহমেদ বিশেষায়িত শিশু হাসপাতালে রূপান্তর করা হয়। হাসপাতালটিতে বিদ্যমান পদ ১৬৫টি। গত ১৫.০৩.২০১৫ তারিখে স্বাস্থ্য অধিদপ্তর হতে ৮৯৩টি নতুন পদ সৃজনে প্রস্তাব করা হয়। প্রস্তাবটি বিবেচনার জন্য গত ০৭.০৪.২০১৫ তারিখে এ বিভাগের যুগ্ম সচিব (পার) এর সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ৬৩৯টি পদ সৃজনের সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্ত মোতাবেক ৬৩৯টি নতুন পদ সৃজনের জন্য গত ২.১১.১৬ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়। এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিত তথ্যাদি ১২.০৬.২০১৭ তারিখে প্রেরণ করা হয়। পুনরায় ০৯-০৭-২০১৭ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে কতিপয় তথ্য প্রেরণের জন্য অনুরোধ করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদার প্রেক্ষিতে অধীক্ষক, ২০০ শয্যা বিশিষ্ট শহীদ ডা: শামসুদ্দিন আহমেদ বিশেষায়িত শিশু হাসপাতাল হতে তথ্যাদি প্রেরণ করে। চাহিত তথ্যাদির মধ্যে ১০০ হতে ২০০ শয্যা উন্নীতকরণের প্রশাসনিক আদেশ পাওয়া যায়নি। তবে এ বিভাগের সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা হতে উক্ত হাসপাতালে শিশু রোগ বিষয়ক চিকিৎসা সুবিধা নিশ্চিত করণের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক চিকিৎসকের পদ সৃজনের প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ জানিয়ে অধীক্ষক, সিলেট শহীদ শামসুদ্দিন আহমেদ হাসপাতালকে পত্র প্রেরণ করেছে।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) শহীদ ডা: শামসুদ্দিন আহমেদ জেলা হাসপাতাল, সিলেটকে রিমডেলিং করে ২০০ শয্যা বিশিষ্ট শহীদ ডা: শামসুদ্দিন আহমেদ বিশেষায়িত শিশু হাসপাতালে রূপান্তর করার প্রশাসনিক অনুমোদনের কপিসহ জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিত তথ্যাদি প্রেরণ করবে।

বাস্তবায়নে: অধীক্ষক ২০০ শয্যা বিশিষ্ট শহীদ ডা: শামসুদ্দিন আহমেদ বিশেষায়িত হাসপাতাল সিলেট।

**৩। ময়মনসিংহ বিভাগের পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয়ে রাজস্বখাতে পদ সৃজন।**

গত ১৩.১০.১৫ তারিখে ময়মনসিংহ, জামালপুর, শেরপুর ও নেত্রকোনা জেলার সমন্বয়ে ময়মনসিংহ বিভাগ গঠিত হয়েছে। গত ১২.০১.২০১৬ তারিখের পত্রে বিভাগীয় কমিশনার জানিয়েছেন নবগঠিত ময়মনসিংহ বিভাগে পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয়ে ১ম শ্রেণীর ১০টি, ২য় শ্রেণীর ০১টি, ৩য় শ্রেণীর ৩০টি এবং ৪র্থ শ্রেণীর ১৩টি সহ মোট ৫৪টি পদের জনবল কাঠামো নিকার কর্তৃক অনুমোদন করা হয়েছে। নিকারে অনুমোদিত জনবল কাঠামোর কপি প্রেরণের জন্য বিভাগীয় কমিশনারকে অনুরোধ করা হয়। কিন্তু কোন কর্তৃপক্ষ থেকেই উক্ত অনুমোদনের কপি সংগ্রহ করা সম্ভব হয়নি। পরবর্তী

5



সময়ে সর্বশেষ বিভাগীয় স্বাস্থ্য কার্যালয় পদ সৃজন কাঠামো অনুসরণে প্রস্তাব প্রেরণের জন্য স্বাস্থ্য অধিদপ্তরকে অনুরোধ করা হলে স্বাস্থ্য অধিদপ্তর হতে রংপুর বিভাগীয় কার্যালয়ের সেট আপ অনুযায়ী ১৫টি পদ সৃজনের প্রস্তাব করেছে।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহীত হয়ঃ

(ক) ময়মনসিংহ বিভাগের পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয়ে রাজস্বখাতে ১৫টি পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা যেতে পারে।

বাস্তবায়নে: উপসচিব (পার-৪), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:

২৯.১১.২০১৭

(শেখ রফিকুল ইসলাম)

সভাপতি

ও

অতিরিক্ত সচিব (প্রশাসন)

স্বাস্থ্য সেবা বিভাগ


স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

তারিখ: ২৯.১১.২০১৭ খ্রি:

নং-৪৫.০০.০০০০.১৪৫.১৫.০১৪.১৫ - ৮৬৭/৭ (৭)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ময়মনসিংহ বিভাগ।
- ৪। পরিচালক, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল।
- ৫। অধীক্ষক ২০০ শয্যাবিশিষ্ট শহীদ ডা: শামসুদ্দিন আহমেদ বিশেষায়িত হাসপাতাল সিলেট।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তৌকে পদ সৃজন সংক্রান্ত সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

  
(রোকেয়া বেগম)  
উপসচিব